গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১১

নং শিম/শা-১১/৩(১০)/৯৯/২১৩, তারিখ ঃ ১০-০২-২০০৫

বিষয়ঃ বেসরকারী নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণী শাখা প্রসংগে।

সম্প্রতি পরিলক্ষিত হয়েছে যে, সরকারী নীতি-প্রক্রিয়া উপেক্ষা করে কোনো কোনো বিদ্যালয়ে অনাবশ্যকভাবে শ্রেণী শাখা খুলে তার বিপরীতে শিক্ষক শিক্ষিকাদেরকে এম.পি.ও. ভূক্ত করা হয়েছে। এরূপ নতুন শ্রেণী শাখা খোলার প্রবণতা নিয়ন্ত্রণ করার জন্য শিক্ষা বোর্ড সমূহের পাশাপাশি নিম্নরূপভাবে কমিটি গঠন করা হল ঃ-

(ক) সিটি কর্পোরেশন ও জেলা সদর কমিটিঃ
১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন/সার্বিক) - আহবায়ক
২. জেলা শিক্ষা অফিসার - সদস্য
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার - সদস্য

(খ) উপজেলা কমিটি ঃ
১. উপজেলা নির্বাহী অফিসার - আহবায়ক
২. উপজেলা প্রকল্প কর্মকর্তা (ছাত্রী উপবৃত্তি) - সদস্য
৩. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার - সদস্য

০২। শিক্ষা বোর্ড/ কমিটির কার্যপরিধিঃ

(ক) বোর্ড/কমিটির প্রধান দায়িত্ব হবে বিদ্যমান নীতিমালার নিরিখে অনাবশ্যকভাবে (ভূয়া ছাত্র-ছাত্রী দেখিয়ে) খোলা শ্রেণী শাখা চিহ্নিত করে তা বন্ধ করার জন্য মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর পৃথক পৃথকভাবে সুপারিশ করা;

(খ) এতদুদ্দেশ্যে বোর্ড/কমিটি তার অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত স্কুলে বর্তমানে চালু শাখার যথার্থতার বিষয়ে প্রয়োজনে সরজমিনে পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণ করবেন;

(গ) যদি বোর্ড/কমিটি কোন উন্নত মানের শিক্ষা প্রতিষ্ঠানে পর্যাপ্ত ছাত্র-ছাত্রীর উপযোগী ভৌত অবকাঠামো, কার্যকর পরিচালনা কমিটি ও সুষ্ঠ একাডেমিক পরিবেশ রয়েছে বলে মনে করে এবং নিকটবর্তী কোন প্রতিষ্ঠানের উপর এর নেতিবাচক প্রভাব পড়বে না বলে নিশ্চিত হন তবে সুস্পষ্ট যৌক্তিকতাসহ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর শ্রেণী শাখা খোলার ব্যাপারে পৃথক পৃথকভাবে সুপারিশ করতে পারেন।

০৩। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর উভয় প্রতিবেদন (শিক্ষা বোর্ড ও কমিটির) বিশ্লেষণপূর্বক উপযুক্ত বিবেচিত হলে তাঁর সুপারিশসহ শিক্ষা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করবেন। মন্ত্রণালয়ের অনুমোদন প্রাপ্তির পর কেবল সংশ্লিষ্ট প্রতিষ্ঠান শ্রেণী শাখা খোলা তথা বিধি মোতাবেক শিক্ষক নিয়োগ করতে পারবে। এর কোনরূপ ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী/ প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

০৪। (ক) বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে প্রধান শিক্ষক নতুন শাখা খোলার বিষয়ে একই সাথে পৃথক পৃথকভাবে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড এবং কমিটির নিকট শিক্ষা বর্ষ শুরুর কমপক্ষে ৩ (তিন) মাস পূর্বে আবেদন করবেন।

(খ) শিক্ষা বোর্ড/ কমিটি অনুরূপ আবেদন প্রাপ্তির ৩০ দিনের মধ্যে শাখা খোলার উপযুক্ততা যাচাইপূর্বক এর সুপারিশ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন।

(গ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর উভয় প্রতিবেদন (শিক্ষা বোর্ড ও কমিটি) বিশ্লেষণপূর্বক উপযুক্ত বিবেচিত হলে তাঁর সুপারিশসহ ১০ (দশ) দিনের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করবেন।

০৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

১০.২.০৫

(মুহাম্মাদ মাকসুদুর রহমান )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭০৬৬৩

অপর পৃষ্ঠা/০২